গণ বিশ্ববিদ্যালয়ে বায়োইনফরমেটিক্স বিষয়ক সেমিনার অনুষ্ঠিত



ছবি: প্রতিনিধি

গণ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ডেভেলপমেন্ট ক্লাব (জিবিসিডিসি) এর উদ্যোগে এবং ডন অব বায়োইনফরমেটিক্স বাংলাদেশ এর সহযোগিতায় 'ডিকোড বায়োইনফরমেটিক্স: ফ্রম বেসিকস টু ব্রেকথ্রু' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১০ জুন) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি মিলনায়তনে এ আয়োজন সম্পন্ন হয়।

সেমিনারে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ডন অব বায়োইনফরমেটিক্স বাংলাদেশ এর প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী এস. কে ফয়সাল আহমেদ। তিনি বায়োইনফরমেটিক্সে কী ধরনের কাজ করা হয়, কোন কোন বিষয়ে গবেষণা পরিচালিত হয় এবং এ বিষয়ে দক্ষতা অর্জনের জন্য কোন কোন প্রোগ্রামিং ভাষা ও সফটওয়্যার জানা প্রয়োজন— সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

জিবিসিডিসি'র সভাপতি বিদিতা চৌধুরী বলেন, 'বায়োইনফরমেটিক্সের ব্যবহার প্রয়োগ করার মাধ্যমে প্রতিভার বিকাশ ও সাধিত হবে। জিবিসিডিসি প্রতিষ্ঠালগ্ন থেকে শিক্ষার্থীদের জন্য কর্মশালা ও শিক্ষণীয় সেমিনারের আয়োজন করে আসছি। যা শিক্ষার্থীদের তাদের ভবিষ্যৎ জীবনে কাজে আসবে।'

জিবিসিডিসি'র উপদেষ্টা তানিয়া আহমেদ বলেন, 'জিবিসিডিসির বায়োইনফরমেটিক্স বিষয়ক সেমিনারটি অত্যন্ত সময়োপযোগী। জীববিজ্ঞানের সাথে তথ্যপ্রযুক্তির ব্যবহার অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে। বায়োইনফরমেটিক্স একটি বিজ্ঞান, যা আমাদের চিকিৎসা, ঔষধ এবং কৃষি খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।'

এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী এবং ক্লাবের সদস্যরা উপস্থিত ছিলেন।